

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫০৬

আগরতলা, ৭ অক্টোবর, ২০২৪

নবনির্মিত আগরতলা দশমীঘাট ও অন্যান্য পরিকাঠামোর উদ্বোধন
আগরতলা শহরকে সাজিয়ে তোলা সরকারের মূল লক্ষ্য : মুখ্যমন্ত্রী

আগরতলা শহরকে সাজিয়ে তোলা সরকারের মূল লক্ষ্য। এজন্য সরকার বিভিন্ন প্রকল্প রাখায়ণ করেছে। আজ হাওড়া রিভার ফ্রন্ট ডেভেলপমেন্ট প্রকল্পে আধুনিক ব্যবস্থাপনায় নবনির্মিত আগরতলা দশমীঘাট ও সংশ্লিষ্ট অন্যান্য পরিকাঠামোর উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, একটা সময় ছিল যখন দশমীঘাটে প্রতিমা নিরঞ্জনের কথা ভাবলে আতঙ্ক হত। কিন্তু বর্তমানে তার পরিবর্তন হয়েছে। হাওড়ানদী আগরতলা শহরের প্রাণকেন্দ্র দিয়ে প্রবাহিত হচ্ছে। এই নদীর জল আগরতলা শহরের বেশীরভাগ অংশেই পানীয় জলের উৎস হিসেবে ব্যবহৃত হচ্ছে। এছাড়াও আগরতলা শহরের নাগরিকদের ধর্মীয় আচার-আচরণের প্রাণকেন্দ্র এই হাওড়া নদী। সরকার হাওড়া নদীর উন্নয়ন ও সংস্কারে বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী হাওড়া রিভার ফ্রন্ট ডেভেলপমেন্ট প্রকল্পে বিভিন্ন সুবিধাগুলির কথা উল্লেখ করে বলেন, এই প্রকল্পে বন্যা প্রতিরোধ, নদীর পাড়ের ক্ষয়রোধ এবং হাওড়া নদীর বাঁধটিকে শক্তিশালী করা হচ্ছে। তাছাড়াও এই প্রকল্পে হাওড়া নদীর জলকে দূষণমুক্ত করতে সিতুনালা ট্রিটমেন্ট প্ল্যাটের নির্মাণ, পথ্যাত্রীদের জন্য পথ তৈরী করা, নন মোটরাইজড সাইকেল ট্র্যাক, নদীর উপর ফুটব্রিজ, নদী এলাকার জনগণের জীবিকা সৃষ্টিতে নদীর পাড়ে অর্গানিক ফার্মিং-এর মাধ্যমে সজি ও ফুলচাষের ব্যবস্থা করা হচ্ছে। এই প্রকল্পটির মাধ্যমে হাওড়া নদীর দশমীঘাটটি একটি নামনিক পর্যটন স্থান হিসেবেও গড়ে উঠবে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর দিকনির্দেশনায় বর্তমান রাজ্য সরকার জনস্বার্থে প্রতিনিয়ত কাজ করে চলেছে। বর্তমানে রাজ্যে উন্নয়ন কর্মসূজা অব্যাহত রয়েছে। আগরতলা শহরকে বিভিন্নভাবে সাজিয়ে তোলা হচ্ছে যা বর্হিরাজ্য থেকে আগত অনেককেই অভিভূত করে।

অনুষ্ঠানে আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার বলেন, আগরতলা শহরের আকর্ষনীয় কেন্দ্র এই দশমীঘাটকে আধুনিক ব্যবস্থাপনায় সাজিয়ে তোলা হয়েছে। প্রতিমা নিরঞ্জনের পর্ব রাজ্যের নাগরিকরা যাতে স্বাচ্ছন্দে উপভোগ করতে পারেন তার জন্যই এই উদ্যোগ। দশমীঘাটে পাকা ঘাট থেকে শুরু করে আলোকসজ্জা, সন্ধ্যা আরতি সহ বিভিন্ন ব্যবস্থাপনার কথা তিনি উল্লেখ করেন। এই দশমীঘাটের রক্ষণাবেক্ষণে সরকারের পাশাপাশি স্থানীয় এলাকার মানুষকে এগিয়ে আসার জন্য তিনি আহ্বান জানান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আগরতলা স্মার্ট সিটি লিমিটেডের সিইও ড. শৈলেশ কুমার যাদব। এছাড়া উপস্থিতি ছিলেন আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, কর্পোরেটের তুষারকান্তি ভট্টাচার্য, কর্পোরেটের জাহাঙ্গী দাস চৌধুরী, কর্পোরেটের নিতু গুহ দে প্রমুখ। অনুষ্ঠন শেষে মুখ্যমন্ত্রী সহ অতিথিগণ হাওড়া নদীর দশমীঘাটে মঙ্গল আরতিতে সামিল হন।
